লেন্স এশিয়া
৫ মার্চ, ২০২৬


# অবৈধ গাড়ি ব্যবহারের অভিযোগ এডিসি মাহফুজ্জামানের বিরুদ্ধে




সংগৃহীত ছবি

ঢাকা মহানগর পুলিশের ডিপ্লোমেটিক সিকিউরিটি বিভাগের অতিরিক্ত উপপুলিশ কমিশনার (এডিসি) মাহফুজ্জামান সরকারের বিরুদ্ধে অন্যের বাতিল ও মেয়াদোত্তীর্ণ একটি প্রাইভেটকার ব্যক্তিগত কাজে ব্যবহার করে ডিপ্লোমেটিক জোনে চলাচলের অভিযোগ উঠেছে। বিষয়টি নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে তথ্য প্রকাশ করেন প্রবাসী সাংবাদিক জাওয়াদ নির্ঝর।

তিনি লিখেন, সংশ্লিষ্ট গাড়িটির সামনে ‘পুলিশ’ লেখা স্টিকার লাগানো রয়েছে। ব্যক্তিগত ব্যবহারের সময় ধারণ করা একটি ভিডিও থেকে ছবিটি সংগ্রহ করা হয়েছে বলেও উল্লেখ করেন




| | |
|---|---|
| BRTA: | CHATTA METRO-GA-11-5735 |
| Reg. Date: | 2004-01-18 |
| Owner Name: | [redacted] |
| Owner Address: | [redacted] |
| Father or Hus: | [redacted] NTA HORON |
| Mobile No: | [redacted] |
| Vehicale Type: | CAR (SALOON) |
| Fitness Issue Date: | 2021-05-20 |
| Fitness Exp Date: | 2023-05-19 |

তিনি।

পোস্টে আরও বলা হয়, বিআরটিএর নথি যাচাই করে দেখা গেছে, চট্ট মেট্রো গ ১১-৫৭-৩৫ নম্বরের গাড়িটির মালিক তপন চন্দ্র সহ। গাড়িটির নিবন্ধন, ফিটনেস ও ট্যাক্স টোকেন ২০২২

সাল থেকেই মেয়াদোত্তীর্ণ বলে দাবি করা হয়েছে।



LENS ASIA

অভিযোগে বলা হয়, মেয়াদোত্তীর্ণ গাড়িতে পুলিশের স্টিকার ব্যবহার করে সড়কে চলাচল করছেন ডিপ্লোমেটিক সিকিউরিটি জোনের দায়িত্বপ্রাপ্ত এক কর্মকর্তা। শুধু চলাচল নয়, গাড়িটি দিয়ে আরও বিভিন্ন কার্যক্রম পরিচালনার কথাও পোস্টে উল্লেখ করা হয়েছে, যা নিয়ে অনুসন্ধান চলছে বলে দাবি করা হয়।

আইন প্রয়োগকারী সংস্থার একজন দায়িত্বশীল কর্মকর্তা হয়েও আইন না মানার অভিযোগে প্রশ্ন উঠেছে বিভিন্ন মহলে। একই সঙ্গে সাধারণ মানুষের ক্ষেত্রে কঠোর ব্যবস্থা নেওয়া হলেও এমন ঘটনায় কী পদক্ষেপ নেওয়া হবে, তা নিয়েও আলোচনা চলছে।